অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের ঐতিহাসিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের অংশ হিসেবে 9.5 মিলিয়ন মার্কিন ডলারের পুরস্কার ঘোষণা করেছেন

ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের জন্য 75টি ব্যবসায়িক প্রতিষ্ঠান, স্কুল ও কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠান এই অর্থনৈতিক সহায়তা পাবে

প্রায় 5,000 জন নিউ ইয়র্কবাসীর জন্য অনুদানগুলো চাহিদা-সম্পন্ন দক্ষতামূলক প্রশিক্ষণের জন্য অর্থ প্রদান করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে স্টেটব্যাপী প্রায় 75টি ব্যবসায়িক প্রতিষ্ঠান, স্কুল এবং কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানগুলিকে স্টেটের ঐতিহাসিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (Workforce Development Initiative)-এর অংশ হিসেবে 9.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে। ডিপার্টমেন্ট অব লেবার (Department of Labor), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) দ্বারা প্রদত্ত তহবিল এবং প্রণোদনা স্টেট জুড়ে প্রায় 5,000 জন নিউ ইয়র্কবাসীদের জন্য উচ্চ চাহিদা সম্পন্ন শিল্পের গুরুত্বপূর্ণ চাকরির প্রশিক্ষণ এবং কর্মসংস্থানের সুযোগ সহায়তা করবে।

"যখন COVID-19 সংকট বিপর্যয় ঘটায় এবং নিউ ইয়র্কের অর্থনীতি খারাপের দিকে মোড় নেয়, তখন স্টেটের ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ প্রত্যেকের একটি ভালো কাজের প্রবেশাধিকারের সুযোগ রয়েছে সেই প্রেক্ষাপট ব্যতিরেকে আমাদের সুদূরপ্রসারী লক্ষ্য অর্জনের জন্য আরো গুরুত্বপূর্ণ হয়ে ওঠে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা নিউ ইয়র্কবাসীদের জন্য বৃহত্তর অর্থনৈতিক সুযোগ প্রদান করছি এবং সম্প্রসারিত হতে প্রতিশ্রুতিবদ্ধ কোম্পানিগুলোর ব্যবসায়িক চাহিদা মোকাবেলা করছি এবং এই অনুদান স্টেটীয় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মীদের বিপণনযোগ্য দক্ষতায় সাহায্য করবে যা তারা ভালো চাকরি পেতে এবং নিউ ইয়র্কের অর্থনীতিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করতে পারে।"

"COVID-19-এর কারণে সৃষ্ট অর্থনৈতিক প্রভাব ধারাবাহিক কর্মক্ষেত্রকে সম্পূর্ণরূপে বদলে দিয়েছে এবং আমাদের চাকরির প্রশিক্ষণ বিষয়ক কৌশল জানা প্রয়োজন যা পরিবর্তনশীল পরিবেশকে প্রতিফলিত করে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্ক স্টেটের রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Regional Economic Development Council)-এর

চেয়ারম্যান হিসেবে আমি গর্বিত যে আমাদের ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ দুর্দিনে আমাদের স্টেটকে এগিয়ে রাখবে এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ বিদ্যমান এমন মহামারি পরবর্তী ভবিষ্যৎ প্রতিষ্ঠা করবে।"

আঞ্চলিক অর্থনৈতিক চাহিদা এবং সুযোগের উপর ভিত্তি করে, তহবিলের জন্য আবেদনের প্রস্তাব দেওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্কের রিজিওনাল ডেভেলপমেন্ট কাউন্সিলসের (Regional Economic Development Councils, REDC) একটি মূল ভূমিকা রয়েছে। যেসব ব্যবসা ও প্রতিষ্ঠান ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট অনুদান পাবে:

- **ক্যাপিটাল রিজিয়ন:** SUNY Adirondack; সিস্কো অ্যালবানি LLC; ইয়ুথ FX ইনকর্পোরেটেড
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক:** অ্যাভোকেটস; ক্যাথলিক চ্যারিটিজ অব দ্য রোমান ক্যাথলিক ডিওসেস অব সিরাকজ; D&W ডিজেল ইনকর্পোরেটেড; অসওয়েগো কাউন্টি; রেসপন্সিভ টু আওয়ার কমিউনিটি; স্পেশালাইজড ডিস্ট্রিবুশন সল্যুশনস
- **ফিঙ্গার লেকস:** লাইফটাইম অ্যাসিস্ট্যান্স; রোচেস্টার ইনস্টিটিউট অব টেকনোলজি; রোচেস্টার রিহ্যাবিলিটেশন সেন্টার, ইনকর্পোরেটেড; সেনেকা কাইয়ুগা ইয়েটস কাউন্টিস চ্যাপ্টার NYSARC ইনকর্পোরেটেড (DBA মোজাইক); টার্নার আন্ডারগ্রাউন্ড ইনস্টলেশন
- **লং আইল্যান্ড:** অ্যাডাল্টস অ্যান্ড চিল্ড্রেন উইথ লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্টাল ডিজেবিলিটি ইনকর্পোরেটেড; AVNA গ্লোবাল ইনকর্পোরেটেড; ইস্ট অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসোসিয়েটস ইনকর্পোরেটেড; ফ্যামিলি রেসিডেন্স অ্যান্ড এসেনশিয়াল এন্টারপ্রাইজ ইনকর্পোরেটেড (ফ্রি); ইনফিনিটি ড্রেন; নাসাউ কমিউনিটি কলেজ; নিকোলাস সেন্টার; NYIT; স্পেকট্রাম ডিজাইন ফাউন্ডেশন; ভাইবিলিটি ইনকর্পোরেটেড
- **মিড-হাডসনঃ** ডিজেবিলিটি বিয়ন্ড ডিজেবিলিটি, ইনকর্পোরেটেড; চয়েস ফিল্মস অ্যাট উম্ব্রা স্টেজ; গ্রেস্টন ফাউন্ডেশন, ইনকর্পোরেটেড; ওয়েস্টচেস্টার মেডিকেল সেন্টার হেলথ নেটওয়ার্ক
- **মোহক ভ্যালি:** অ্যাডভান্সড টুল ইনকর্পোরেটেড, নর্থল্যান্ড টেলিফোন সিস্টেমস লিমিটেড DBA নর্থল্যান্ড কমিউনিকেশনস
- **নিউ ইয়র্ক সিটি:** BioBus, ইনকর্পোরেটেড; ব্রুকলিন কমিউনিটি কলাবোরেটিভ; বিল্ডিং স্কিল NY; সিটি কলেজ অব নিউ ইয়র্ক; ক্রেসিলন, ইনকর্পোরেটেড; Cureatr, ইনকর্পোরেটেড; ইস্ট সাইড হাউস, ইনকর্পোরেটেড; ইনভিসাজেনিক্স, ইনকর্পোরেটেড; ফেসারিয়াস থেরাপিউটিক্স, ইনকর্পোরেটেড; গ্রেস ইনস্টিটিউট অব নিউ ইয়র্ক; হেনরি স্ট্রিট সেটেলমেন্ট; কিনোস; লুসার্না, ইনকর্পোরেটেড; এনপাওয়ার ইনকর্পোরেটেড; NYCDCC অ্যাপ্রিন্টিসেশীপ জার্নিম্যান রিট্রেইনিং এডুকেশনাল অ্যান্ড ইন্ডাস্ট্রি ফান্ড; কোয়াড্রাস মেডিকেল টেকনোলজিস; রিডিজাইন সায়েন্স, ইনকর্পোরেটেড; রিল স্টোরিজ টিন ফিল্মমেকিং ইনকর্পোরেটেড; রকওয়ে ডেভেলপমেন্ট অ্যান্ড রিভাইটেলিজেশন কর্পোরেশন; রাউলেট ইন্টারমিডিয়াম; রাউন্ডঅ্যাবাউট থিয়েটার কোম্পানি, ইনকর্পোরেটেড; সেফারডিক বিকুর হোলিম; সোহারলেম; স্টিভেন উইন্টার অ্যাসোসিয়েটস অ্যান্ড অ্যালায়েড পার্টনার্স রেসিডেন্সিয়াল ম্যানেজমেন্ট;

STRIVE ইন্টারন্যাশনাল ইনকর্পোরেটেড; সানিসাইড কমিউনিটি সার্ভিস; থমাস হোয়াইট জুনিয়র ফাউন্ডেশন ইনকর্পোরেটেড; আপওয়ার্ডলি গ্লোবাল; ভ্যানট AI, ইনকর্পোরেটেড; XL ব্যাটারি; ইয়ুথ অ্যাকশন ইয়ুথবিল্ড

- **নর্থ কান্ট্রি:** অ্যালকোয়া USA কর্পোরেশন; জেফারসন-লুইস BOCES; নর্থ কান্ট্রি চেম্বার অব কমার্স; নর্থ কান্ট্রি ওয়ার্কফোর্স পার্টনারশিপ, ইনকর্পোরেটেড; Ready4Real ETS
- **সাউদার্ন টায়ার:** ব্রুম কাউন্টি আরবান লীগ; ব্রুম টিওগা ওয়ার্কফোর্স; বাকিংহাম ম্যানুফ্যাকচারিং কোং ইনকর্পোরেটেড; ফর্টিচুড ইন্ডাস্ট্রিজ ইনকর্পোরেটেড; ওয়েগো আপালাচিন সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট
- **পশ্চিম নিউ ইয়র্ক:** ক্যাথলিক চ্যারিটিজ অব বাফেলো NY; ফ্রেসেনিয়াস কাবি; মার্সি ফ্লাইট

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "যেহেতু আমরা মহামারী পরবর্তী অর্থনীতির দিকে এগিয়ে যাচ্ছি, তাই ESD গভর্নর কুওমোর ঐতিহাসিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভকে সহায়তা করতে অন্যান্য স্টেটীয় সংস্থার সাথে যোগ দিতে পেরে গর্বিত। আমাদের রিজিওনাল ইকোনমিক ডেভেলপমেন্ট কাউন্সিল দ্বারা পরিচালিত, এই তহবিল নিউ ইয়র্কবাসীদের নতুন কাজের সুযোগের জন্য প্রস্তুত করতে সাহায্য করে এবং কৌশলগতভাবে আমাদের ব্যবসা ও শিল্পের চাহিদা পূরণের জন্য প্রতিভা সম্বলিত পাইপলাইন মজবুত করতে সাহায্য করে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম দপ্তরের কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "যেহেতু আমরা এই মহামারী দ্বারা সৃষ্ট পরিবর্তনশীল কর্মীদের মধ্যে আমাদের কমিউনিটির আঞ্চলিক চাহিদা পূরণে কাজ করছি তাই গভর্নর কুওমোর ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভের প্রতি ক্রমাগত সমর্থন আগের চেয়ে অনেক বেশি গুরুত্বপূর্ণ। এই সকল চাহিদা পূরণে নিউ ইয়র্কবাসীগণ প্রশিক্ষিত ও প্রস্তুত তা নিশ্চিত করার মাধ্যমে ওার্কপ্লেস ডেভেলপমেন্ট তায়দের কাজে ফিরিয়ে আনার চাবিকাঠি হতে যাচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA)-এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "যেহেতু নিউ ইয়র্ক গভর্নর কুয়োমোর সাহসী গ্রীন এনার্জি বিষয়ক লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রেখেছে তাই পরিবেশ-বান্ধব জ্বালানী শিল্পে কর্মীদের আকৃষ্ট করার জন্য ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট এবং প্রশিক্ষণে কৌশলগত বিনিয়োগ অপরিহার্য। সাম্প্রতিক বছরগুলোতে, নিউ ইয়র্কের পরিবেশ-বান্ধব জ্বালানী কর্মসংস্থান জাতীয় পরিবেশ-বান্ধব জ্বালানী কর্মসংস্থান প্রায় তিনগুণ হারে বৃদ্ধি পেয়েছে এবং বিদ্যমান কর্মীদের দক্ষতা বৃদ্ধি করেছে যখন ভবিষ্যতে পরিবেশ-বান্ধব কর্মসংস্থানের সুযোগের জন্য নতুন প্রতিভার একটি পাইপলাইন তৈরি করা নিউ ইয়র্কের সাফল্যের চাবিকাঠি।"

SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস বলেছেন। "নিউ ইয়র্কের স্টেট বিশ্ববিদ্যালয় (SUNY)-এর অদম্য লক্ষ্য হচ্ছে সম্পদের সুষ্ঠু ব্যবহার অব্যাহত রাখা এবং এমন অংশীদারিত্ব গড়ে তোলা যা

ভবিষ্যতে আমাদের কর্মী ও চাকরির প্রশিক্ষণের প্রয়োজনে বিনিয়োগ করে। আমরা এই কর্মসূচিকে সহায়তা করার পাশাপাশি আমাদের শিক্ষার্থী ও আরো নিউ ইয়র্কবাসীদের জন্য অতিরিক্ত তহবিল প্রদানের অঙ্গীকারকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত। সেইসাথে আমি ডিপার্টমেন্ট অব লেবার, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির চলমান অংশীদারিত্বের জন্য এবং তারা সম্মিলিতভাবে আমাদের ক্যাম্পাসের ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টের চাহিদার প্রতি যে নিষ্ঠা শেয়ার করেছে তার জন্য কৃতজ্ঞ।"

CUNY চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটস রডরিগেজ বলেছেন, "সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York) নিউ ইয়র্ক স্টেট থেকে অনুদান প্রাপ্ত ব্যবসা এবং প্রতিষ্ঠানের এই গুরুত্বপূর্ণ দলের অংশ হতে পেরে গর্বিত, যা আমাদের শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত সহায়তা প্রদান করতে সক্ষম করে তুলবে যাতে তারা নিউ ইয়র্কের ভবিষ্যৎ কর্মী এবং COVID পরবর্তী স্বাস্থ্যসেবা খাতে চাহিদা সম্পন্ন কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত করতে পারে। স্টেটের ঐতিহাসিক ওয়ার্কফোর্স ডেভেলেপমেন্ট ইনিশিয়েটিভের নেতৃত্ব এবং অঙ্গীকারের জন্য আমরা গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাইযা এই গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সুযোগ প্রদান করে যাচ্ছে।"

নিউ ইয়র্ক যখন পুনরায় খোলার প্রক্রিয়ার মাধ্যমে এগিয়ে চলেছে, তখন নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব লেবার (New York State Department of Labor) নিউ ইয়র্কের প্রত্যেক চাকুরি প্রার্থীকে সঠিক কর্মসংস্থানের সুযোগের সাথে সংযুক্ত করার জন্য কাজ করে যাচ্ছে। ডিপার্টমেন্ট অব লেবার (Department of Labor, DOL) jobs.ny.gov ঠিকানায় তাদের জবস এক্সপ্রেস ওয়েবসাইটের সুবিধা নিতে, সেই ব্যবসাগুলিকে যাদের নতুন শ্রমিকের প্রয়োজন এবং চাকরি প্রত্যাশী নিউ ইয়র্কবাসীদের একইসাথে উৎসাহিত কর চলেছে। অবিলম্বে নিয়োগ করতে আগ্রহী ব্যবসাগুলি থেকে রাজ্য জুড়ে 1,33,000 এরও বেশি চাকরির সুযোগ উপলব্ধ রয়েছে। এই ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট অনুদানগুলি সেই সমস্ত শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান করতে সাহায্য করবে যারা নতুন, পরিপূর্ণ কাজের জন্য দক্ষতা অর্জন করতে চায়।

অ্যাসেম্বলি মেম্বার হ্যারি বি. ব্রনসন বলেন, "যেহেতু আমরা আমরা নিউ ইয়র্কের শ্রমশক্তির উপর COVID-19-এর ভয়াবহ প্রভাব থেকে এগিয়ে যাচ্ছি তাই আমাদের এই প্রতিযোগিতামূলক চাকরির বাজারে সফল হওয়ার জন্য এবং ক্রমবর্ধমান শিল্পের দীর্ঘমেয়াদী চাকরির প্রশিক্ষণের চাহিদা পূরণে শ্রমিকদের জন্য সুযোগ সৃষ্টি করতে হবে। অনেকের কাছে, এর মানে হচ্ছে শ্রমিকদের প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় দক্ষতা সরবরাহ করা। নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতি পুনর্গঠন করতে নিউ ইয়র্কবাসীরা যাতে আগের চেয়ে শক্তিশালী এবং স্থিতিশীল হয়ে ওঠে তা নিশ্চিত করার জন্য এই তহবিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

গভর্নর কুওমোর ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ

গভর্নর কুওমো 2019 সালের মে মাসে কর্মশক্তি উন্নয়ন উদ্যোগের (Workforce Development Initiative) জন্য রাজ্য জুড়ে একটি বিনিয়োগের ঘোষণা করছিলেন যাতে কৌশলগত আঞ্চলিক প্রচেষ্টাগুলিকে সমর্থন করা যায় যা ব্যবসায়ের স্বল্পমেয়াদী কর্মশক্তির চাহিদাগুলি পূরণ করে, আঞ্চলিক প্রতিভার পাইপলাইনগুলিকে উন্নত করে, স্থানীয় কর্মী বাহিনীর সত্বাদের নমনীয়তা এবং

অভিযোজনের যোগ্যতা বৃদ্ধি করে, শিক্ষানবিশতা এবং ক্রমবর্ধমান শিল্পক্ষেত্রগুলির দীর্ঘমেয়াদী-প্রয়োজনগুলিকে সম্বোধন করে। এছাড়াও এইসব তহবিল নারী, যুব, এবং ক্যারিয়ার অগ্রসর করতে উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হয় এমন জনগণের অর্থনৈতিক নিরাপত্তা উন্নত করতে নেওয়া প্রচেষ্টাকেও সমর্থন করবে। চলমান COVID-19 জনস্বাস্থ্যের জরুরি অবস্থা এবং এর অর্থনৈতিক প্রভাব বিবেচনা করে, এই তহবিল নিউ ইয়র্ক স্টেট জুড়ে ব্যবসা, কমিউনিটি এবং শ্রমিকদের তাদের পুনরুদ্ধারের ক্ষেত্রে সাহায্য করবে।

2019 সালের সেপ্টেম্বর মাসে ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (Workforce Development Initiative, WDI) অনুদানের প্রথম ঘোষণার পর থেকে নিউ ইয়র্কের 18,000 জন কর্মীর সুবিধার্থে 278টি প্রকল্পে প্রায় 32 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করা হয়েছে। ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ এবং আজতক ঘোষিত অনুদান সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে workforcedevelopment.ny.gov।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন